

সংক্ষিপ্ত

## এমপিওভুক্ত না হওয়ায় বর্জন

সৈয়দপুর (নীলফামারী) প্রতিনিধি ২৭ অক্টোবর, ২০১৯ ০০:০০ | পড়া যাবে ১ মিনিটে

পিছনে

নীলফামারীর সৈয়দপুর উপজেলার শ্বাষকান্দর ব্যাঙ্গমারী নিম্ন মাধ্যমিক বিদ্যালয় এমপিওভুক্ত না হওয়ায় ক্ষুদ্র শিক্ষার্থীরা ক্লাস বর্জন করে বিদ্যালয় মাঠে অবস্থান নেয়। তাদের সঙ্গে একাত্মা প্রকাশ করেন অভিভাবকরা। ছবি গতকাল তোলা। ছবি : কালের কর্তৃ

এমপিওভুক্ত না হওয়ায় নীলফামারীর সৈয়দপুর উপজেলার শ্বাষকান্দর ব্যাঙ্গমারী নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা গতকাল শনিবার ক্লাস বর্জন করে বিদ্যালয় মাঠে অবস্থান নেয়। অ- অ+  
তারা অবিলম্বে এমপিওভুক্তির তালিকায় তাদের বিদ্যালয়ের নাম অন্তর্ভুক্ত করার দাবি জানায়।

বিদ্যালয়ের শিক্ষার্থীদের এ দাবির প্রতি সমর্থন জনিয়ে শিক্ষক-শিক্ষিকা ও অভিভাবকরাও অবস্থান কর্মসূচিতে অংশ নেয়। একপর্যায়ে বিক্ষুল শিক্ষক-কর্মচারী, শিক্ষার্থী ও অভিভাবকরা প্রধান শিক্ষকের কার্যালয়ে তালা ঝুলিয়ে দেন।

বিদ্যালয়ের সহকারী শিক্ষক আনিচুর রহমান, মতিয়ার রহমান ও মেরিনা বানু জানান, দীর্ঘ ১৭ বছর ধরে বিদ্যালয়ে পাঠদান করছেন। অথচ সরকারি বেতন-ভাতা পাচ্ছেন না।